দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 19 APR 2017
পৃষ্ঠা ২২ ... কলাম ৭ ...

# সাঁতারে ১২টি স্বর্ণ জিতলেন জাবির সাগর

সুমিত্র নাথ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী মাহফুজুর রহমান সাগর সাঁতারে ১২টি স্বর্ণ জিতেছেন। পেয়েছেন দ্রুততম জলমানবের খেতাব। ৫ম আন্তঃবিশ্ববিদ্যালয় গেমসে সাঁতারে অংশ নিয়ে দারুণ নৈপুণ্য দেখিয়ে এ সাফল্য অর্জন করলেন সাগর। বিশ্ববিদ্যালয় শারীরিক শিক্ষা বিভাগের পরিচালক সিফাতুল্লাহ জানান, সর্বনিম্ন ২৫ দশমিক ২০ সেকেন্ড সময় নিয়ে সাগর সাঁতার শেষ করেন। আন্তঃবিশ্ববিদ্যালয় গেমসে সাঁতারের ১২টি ইভেন্টে অংশ নিয়ে সবক'টিতেই জিতেছেন স্বর্ণপদক। মাহফুজুর রহমান সাগরের এ অনন্য



সাফল্যে তাকে অভিন্দন জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম। গত ২৮ মার্চ শুরু হয় আন্তঃবিশ্ববিদ্যালয় ক্রীড়া সংস্থার আয়োজনে ৫ম আন্তঃবিশ্ববিদ্যালয় গেমস। গেমসের শেষ দিন বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ে আয়োজিত এক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বিভিন্ন বিভাগে বিজয়ী দল ও খেলোয়ারদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

আন্তঃবিশ্ববিদ্যালয় ক্রীড়া সংস্থার সভাপতি ও মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মো. আলাউদ্দিনের সভাপতিত্বে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক আব্দুল মান্নান। এতে বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, ঢাকা প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আলাহউদ্দিন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম ও শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহমেদ।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ. ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর